

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পাট অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
www.dgjute.gov.bd


নথি নং-২৪.০১.০০০০.০০৫.০৭.০২৯.১৪.১৫ ৩৭

তারিখ : ২৫/১০/১৬

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য তালিকাভুক্তির পূর্ণবিজ্ঞপ্তি।

আগ্রহী প্রকৃত সরবরাহকারী/ব্যবসা প্রতিষ্ঠান/দোকানদার এর নিকট হতে ২০১৬-২০১৭ অর্থ বছরের সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তির জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছেঃ-

- ০১। (ক) বিভিন্ন ধরনের স্টেশনারীজ, কার্টিজ/টোনার ও বিবিধ পণ্য ক্রয়।
- ০২। এ তালিকাভুক্তি ২০১৭ সালের ৩০ জুন পর্যন্ত বলবৎ থাকবে। আবেদন পত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, আয়কর পরিশোধ সার্টিফিকেট অথবা টিআইএন এবং যে কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সার্টিফিকেট জমা দিতে হবে। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠান ২০১৫-২০১৬ অর্থ বছরের অত্র দপ্তরের তালিকাভুক্ত হলেও তাদের ক্ষেত্রেও পূরণায় নতুন করে আবেদন পত্র, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজ পত্র জমা না দিলে তা গ্রহণযোগ্য হবে না।
- ০৩। এ তালিকাভুক্তির জন্য জামানত হিসেবে ৫০০০/- ( পাঁচ) হাজার টাকা (ফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে পে অর্ডার/ব্যাংক ড্রাফট হিসেবে (ঠিকানাঃ মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০) জমা দিতে হবে।
- ০৪। তালিকাভুক্তির আবেদন সহকারী পরিচালক (সাধারণ ও ষ্টোর) শাখায় আগামী ২৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে জমা দিতে হবে।
- ০৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল তালিকাভুক্তির আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(মোঃ আছাদুজ্জামান)

উপসচিব

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯৫৫১১১৮।

বিতরণঃ

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ/পাট) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। নোটিশ বোর্ড, জিপিও/যুব উন্নয়ন অধিদপ্তর/কমলাপুর রেলওয়েস্টেশন/সদরঘাট বাস টার্মিনাল/বিজেএমসি/পাট অধিদপ্তরের নোটিশ বোর্ড, ঢাকা।
- ০৪। হিসাব শাখা, পাট অধিদপ্তর, ঢাকা।
- ০৫। মেসার্স .....
- ০৬। মেসার্স .....
- ০৭। মেসার্স .....
- ০৮। অফিস নথি।